96

দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 2 0 1999 ... ...
পৃষ্ঠা ..১১.. কলাম ..৪.. ......

# শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য প্রয়োজন শিক্ষক-শিক্ষার্থী সুসম্পর্ক

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের নবীন বরণ অনুষ্ঠানে বক্তারা বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য দরকার শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সুসম্পর্ক। শিক্ষকদের সদিচ্ছা ও শিক্ষার্থীদের অদম্য স্পৃহা থাকিলে কোন রতম ভৌতিক অবকাঠামোগত ও আসবাবপত্রের সমস্যা জ্ঞানার্জন ও পরীক্ষায় ভালো ফলাফল অর্জনের ক্ষেত্রে প্রতিবন্ধক হইতে পারে না। বক্তারা কলেজের নবাগত ছাত্র-ছাত্রীদেরকে গভীর জ্ঞানানুশীলনে মনোনিবেশ করার এবং সার্বিক শিক্ষার সুষ্ঠু পরিবেশ সংরক্ষণে সহায়ক ভূমিকা পালনের আহ্বান জানান। গত শনিবার অনুষ্ঠিত উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ আবু ইউসুফ। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কিরণ চন্দ্র দেবের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় অন্যান্যের মধ্যে অধ্যাপক মাহবুবুল হক, মোহাম্মদ আজিজুল হয়, আবু পারভেজ, খোরশেদ আলম এবং ছাত্র-ছাত্রীদের পক্ষে জেসি, অনিন্দ্য, ইকবাল, তাসলিমা রহমান, রায়হানা জামিলা প্রমুখ বক্তৃতা করেন।

OF —— SHEETS